**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 28-02-202** **Desk in Charge : SDG**
**Time : 7-35 A.M.** **Compiling : DSS**
**DEO: KB** **NRT : DSS**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) সুপ্রিম কোর্টের নির্দেশে আজ রাজ্যে অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হতে চলেছে।

২/ রাজ্যে আগামীকাল চারটি বড় জনসভার মধ্যে দিয়ে, বিজেপির ‘পরিবর্তন যাত্রা’র সূচনা হতে চলেছে।

৩/ আসন্ন রাজ্যসভা নির্বাচনের জন্য প্রার্থীদের নাম ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেস।

৪/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে ১৪ বছরের কিশোরীদের জন্য দেশব্যাপী ‘হিউম্যান প্যাপিলোমা ভাইরাস’- HPV টীকাকরণ কর্মসূচীর সূচনা করবেন।

৫/ আদালতের নির্দেশে রাজ্য সরকার, BSF-কে ১০৫ একর জমি হস্তান্তরের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।

৬/ ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট আজ, মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হবে।

*****************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশে SIR প্রক্রিয়ায় যেসব ভোটদাতার নথি ও তথ্য যাচাইয়ের ভার বিচার বিভাগের উপর বর্তেছে তাদের নাম যুক্ত করেই পশ্চিমবঙ্গে আজ অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। খসড়া তালিকায় থাকা ৭ কোটি ৮ লক্ষ ভোটারের নাম চূড়ান্ত তালিকায় থাকবে। তবে এই তালিকা বিভিন্ন বিভাগে ভাগ করা হবে।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন- ( ভি সি অভিরূপ )

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, দুপুরের মধ্যে তালিকা অনলাইনে আপলোড করা হবে। নির্বাচন কমিশনের ওয়েবসাইট, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইট ও ইসিআই নেট অ্যাপ থেকে এই ভোটার তালিকা অনলাইনে দেখা যাবে।

***************************

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য পশ্চিমবঙ্গে প্রথম দফায় মোতায়েন করা হচ্ছে ২৪০ কোম্পানি আধা সামরিক বাহিনী। আগামীকাল বা সোমবারের মধ্যেই বাহিনী রাজ্যে পৌঁছবে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। সংবেদনশীল ও অতিসংবেদনশীল এলাকাগুলিতে তাদের অগ্রাধিকার ভিত্তিতে মোতায়েন করা হবে।

উল্লেখ্য, রাজ্যে ৪১ হাজার ৪০০ বুথকে সংবেদনশীল ও অতিসংবেদনশীল হিসেবে চিহ্নিত করা হয়েছে। তার মধ্যে প্রায় ৬ হাজার ৮০০ বুথ অতিসংবেদনশীল। সর্বাধিক ১৪ কোম্পানি বাহিনী পাঠানো হচ্ছে পূর্ব মেদিনীপুরে। কলকাতা ও মালদহে থাকছে ১২ কোম্পানি করে।

এদিকে নদীয়ার তাহেরপুর থানার বীরনগরে, গতকালই কেন্দ্রীয় বাহিনী এসে পৌঁছেছে। সংবেদনশীল বুথগুলিতে ভোটারদের মনোবল বৃদ্ধি করতে তাদের মোতায়েন করা হচ্ছে। জেলায় মোট ১২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী আসার কথা। এর মধ্যে কৃষ্ণনগর পুলিশ জেলায় ছয় কোম্পানি ও রানাঘাট পুলিশ জেলায় ছয় কোম্পানি মোতায়েন থাকবে।

****************************

রাজ্যে আগামীকাল চারটি বড় জনসভার মধ্যে দিয়ে, বিজেপির ‘পরিবর্তন যাত্রা’র সূচনা হতে চলেছে। বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, তৃণমূল কংগ্রেসের লড়াই শুধুমাত্র বিরোধীদের সঙ্গে নয়, সাধারণ মানুষের সঙ্গেও। সর্বস্তরের মানুষ আজ আক্রান্ত। এই যুগ সন্ধিক্ষণে দাঁড়িয়ে বিজেপি সর্বক্ষেত্রে পরিবর্তনের লক্ষেই এই যাত্রার আয়োজন করছে।

(বাইট – শমীক)

রাজ্য সভাপতি আরো জানান, সোমবার দোসরা মার্চ হবে পাঁচটি জনসভা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ্ আগামীকাল (রবিবার) রাজ্যে আসছেন। সোমবার তিনি দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে পরিবর্তন যাত্রার সভায় বক্তব্য রাখবেন।

অন্যদিকে, কোচবিহারে রাসমেলা ময়দানে এই যাত্রার সূচনায় উপস্থিত থাকবেন বিজেপি-র সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন। এছাড়াও জগৎপ্রকাশ নাড্ডা, রাজনাথ সিং সহ বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রীও অংশ নেবেন এই যাত্রায়। তিন ও চার তারিখ দোল ও হোলি উৎসবের জন্য কর্মসূচী বন্ধ রাখা হবে। এরপর পাঁচ তারিখ হবে ৯-টি যাত্রা। কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্য দিয়ে এই পরিবর্তন যাত্রার সমাপ্তি হবে। মোট আড়াইশোটি বিধানসভা এলাকা দিয়ে এই যাত্রার আয়োজন করা হচ্ছে। যেকোন রাজনৈতিক দল বিশেষ করে তৃণমূল কংগ্রেস ও বামফ্রন্টের প্রতিনিধিদেরও এই পরিবর্তন যাত্রায় যোগদানের আহ্বান জানিয়েছেন শমীকবাবু।

সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি বলেন, মোট ৫ হাজার কিলোমিটার পথ অতিক্রম করা হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরিবর্তনের যে মূল সুর আগেই বেঁধে দিয়েছিলেন, বিজেপি এবার সেটিকেই রাজ্যের প্রতিটি প্রান্তে পৌঁছে দেবে।

এদিকে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, রাজ্যের মানুষ যে পরিবর্তন চাইছে, সে নিয়ে কোন সংশয় নেই। বিজেপি-র এই পরিবর্তন যাত্রা, বাংলায় পরিবর্তনের পথ প্রদর্শক হবে।
উল্লেখ্য, কলকাতা হাইকোর্ট গতকাল একাধিক শর্তে রাজ্যে নির্বাচনের প্রচারে বিজেপির পরিবর্তন যাত্রায় অনুমতি দেয়।

***************************

তৃণমূল কংগ্রেস, রাজ্যসভার আসন্ন নির্বাচনের জন্য প্রার্থীদের নাম ঘোষনা করেছে। দলের পক্ষ থেকে এক্স হ্যান্ডেলে এক বার্তায় জানানো হয়েছে, সদ্য অবসরপ্রাপ্ত পুলিশ কর্তা রাজীব কুমার প্রার্থী হচ্ছেন। এ ছাড়াও তালিকায় নাম রয়েছে সঙ্গীতশিল্পী বাবুল সুপ্রিয়, অভিনেত্রী কোয়েল মল্লিক এবং সুপ্রীম কোর্টের আইনজীবি মেনকা গুরুস্বামীর।

উল্লেখ্য পশ্চিমবঙ্গের ৫ টি সহ সহ ১০টি রাজ্যের ৩৭টি রাজ্যসভা আসনে নির্বাচনের জন্য ইতিমধ্যেই বিজ্ঞপ্তি জারি হয়েছে। ৫ মার্চ পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে। আগামী মাসের ১৬ তারিখ হবে ভোটগ্রহণ। ওই দিনই গণনা।

রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের চার বিদায়ী সাংসদের মধ্যে মৌসম নূর আগেই কংগ্রেসে যোগ দিয়েছেন। বাকি তিন সাংসদ সুব্রত বক্সী, ঋতব্রত বন্দ্যোপাধ্যায় ও সাকেত গোখলেকে নতুন করে মনোনয়ন দেওয়া হল না।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে ১৪ বছরের কিশোরীদের জন্য দেশব্যাপী 'হিউম্যান প্যাপিলোমা ভাইরাস'- HPV টীকাকরণ কর্মসূচীর সূচনা করবেন। কেন্দ্রের 'সুস্থ নারী সুস্থ পরিবার' কর্মসূচী আরো প্রসারিত করার লক্ষ্যে সরকারের দায়বদ্ধতার প্রতিফলন এই টিকাকরণ। এর আওতায় প্রতি বছর দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১৪ বছর বয়সী ১ কোটি ১৫ লক্ষ কিশোরীকে এই টীকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সমস্ত স্বীকৃত সরকারী স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে এই টিকা দেওয়া হবে। এছাড়াও আয়ুষ্মান আরোগ্য মন্দির, কমিউনিটি

হেলথ সেন্টার, জেলা সদর হাসপাতাল, সরকারী মেডিকেল কলেজ ও হাসপাতালেও বিনামূল্যে টীকা দেওয়া হবে। এই টীকাকরণ হবে সম্পূর্ণ স্বেচ্ছাকৃত। ভ্যাকসিন দেওয়ার আগে বাবা মা কিংবা অভিভাবকের অনুমতি নেওয়া হবে।

উল্লেখ্য, সার্ভাইকাল ক্যান্সারে আক্রান্তের নিরিখে ভারত বর্তমানে বিশ্বের মধ্যে দ্বিতীয় স্থানে। প্রতি বছর দেশ ৮০ হাজার সার্ভাইকাল ক্যান্সার আক্রান্ত রোগীর সন্ধান মেলে। যার মধ্যে ৪২ হাজারের বেশি মৃত্যু হয়।

****************************

নদীয়ার কল্যাণী মেডিকেল কলেজ হস্টেল থেকে উদ্ধার ডাক্তারি পড়ুয়ার মৃতদেহ গতকাল কল্যাণী এইমসে ময়না তদন্ত করা হয়। এরপর হালিশহর শ্মশানে পুলক হালদার নামে ওই ছাত্রের শেষকৃত্য সম্পন্ন হয়।

উল্লেখ্য, বয়েজ হোস্টেলের একটি ঘর থেকে বৃহস্পতিবার পুলকের দেহ উদ্ধার হয়। পুলিশ এই ঘটনায় ইতিমধ্যেই মামলা রুজু করে তদন্ত শুরু করেছে।

****************************

উচ্চমাধ্যমিকের চতুর্থ সেমিস্টার গতকাল শেষ হয়েছে। এবারই প্রথম সেমিস্টার পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পরীক্ষা নেওয়া হয়। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ জানিয়েছে, চতুর্থ সেমিস্টারে মোট নথিভুক্ত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭ লক্ষ ১০ হাজার ৯২০ জন। এদিকে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের নতুন সভাপতি হচ্ছেন পার্থ কর্মকার। আগামী সোমবার তিনি দায়িত্ব গ্রহণ করবেন।

****************************

আদালতের নির্দেশে, রাজ্য সরকার সীমান্তরক্ষী বাহিনীকে ১০৫ একর জমি হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। ওই জমিতে BSF , কাঁটাতারের বেড়া দেবে ও বর্ডার আউটপোস্ট তৈরি করবে। BSF এবং সীমা সুরক্ষা বল সহ যে কোনও কেন্দ্রীয় সংস্থাকে জমি দেওয়ার বিষয়টি পর্যালোচনা করে একটি মন্ত্রিগোষ্ঠী। পুরমন্ত্রী ফিরহাদ হাকিম, বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস ও ভূমি সংস্কার দপ্তরের প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এই মন্ত্রিগোষ্ঠীতে রয়েছেন। নবান্নে গতকাল ওই মন্ত্রি গোষ্ঠীর প্রথম

বৈঠক হয়। জমি দেওয়ার প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদনের জন্য পাঠানোর আগে তা খতিয়ে দেখে তারা।

উল্লেখ্য, সীমান্তে ১৭ কিলোমিটার বরাবর কাঁটাতার দিতে প্রয়োজন ৬৭ একর জমি। ন'টি বর্ডার আউটপোস্টার জন্য প্রয়োজন ১৮ একর জমি। তা জমি মালিকদের কিনে BSF-এর হাতে তুলে দেবে জেলা প্রশাসন। একইভাবে ন'টি সীমান্তবর্তী এলাকায় রাজ্যের অধীনে থাকা প্রায় ২৫ একর জমি হস্তান্তরের প্রস্তাবও মন্ত্রিসভায় পেশ করার অনুমোদন দিয়েছে মন্ত্রিগোষ্ঠি।

***************************

আজ জাতীয় বিজ্ঞান দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদযাপিত হবে। নোবেল জয়ী পদার্থ বিজ্ঞানী CV Raman এর (চন্দ্রশেখর ভেঙ্কট রমন) রমন এফেক্ট আবিষ্কারের সম্মানে ও স্মরণে জাতীয় বিজ্ঞান দিবস পালিত হয়ে থাকে।

উল্লেখ্য, ১৯২৮ সালের ২৮ শে ফেব্রুয়ারি সিভি রামন, আবিষ্কার করেছিলেন রমন এফেক্ট।

***************************

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, মহামেডান স্পোর্টিং এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান তাদের প্রথম দুটি ম্যাচেই জয় পেয়েছে। অন্যদিকে, মহামেডান তাদের দুটি ম্যাচেই পরাজিত হয়েছে।

এদিকে, ইস্টবেঙ্গল, গতকাল ১-২ গোলে জামশেদপুর FC-র কাছে পরাজিত হয়েছে।

*************************************************************